ই- ম্যাগাজিন
শারদীয়া সংখ্যা - ১৪২৮
প্রানীবিদ্যা বিভাগ, সিটি কলেজ
কলকাতা -৭০০০০৯

ই- ম্যাগাজিন
শারদীয়া সংখ্যা - ১৪২৮

প্রানীবিদ্যা বিভাগ,
সিটি কলেজ
কলকাতা -৭০০০০৯

# বীক্ষণ

(E-Magazine of Department of Zoology, City College)

**Editor**
Dr.Supriti Sarkar

**© Department of Zoology**
**City College**
**102/1, Raja Rammohan Sarani**
**Kolkata- 700 009**

First Published: November, 2021

**Published by**
Dr. Sital Prasad Chattopadhyay
Principal
City College
102/1, Raja Rammohan Sarani
Kolkata- 700 009

**Cover Photo**
Ram Ritinker Hazra

*All rights reserved. No part of this book may be reproduced in any form including photocopying, digital recording or by any information storage and retrieval system without prior permission from the copyright holder. The Publisher and Editors are not responsible for the authenticity and originality of the contents expressed by the authors in their write-ups and paintings.*

# বীক্ষণ - অংশগ্রহণে

## সম্পাদনায়

ড: সুপ্রীতি সরকার

## সম্পাদনা সহায়তায়

ড: দেবাশীষ কর্মকার ড: অর্কদীপ মিত্র
ড: কৃষ্ণেন্দু দাস ড: সইফুল আনম মীর

## বিন্যাস ও রূপায়ণে

ড: সৌমেন রায় ড: ইন্দ্রনাথ ঘোষাল

## উপদেষ্টা

ড: ইন্দ্রনীল রায় শ্রীমতি ডোনা ব্যানার্জী

## আঁকায় ও লেখায়

সিটি কলেজের প্রাণীবিদ্যার ছাত্র-ছাত্রী

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| সম্পাদকীয় | ড: সুপ্রীতি সরকার | 1 |
| Neora Valley National Park : A Birds' Paradise | Ram Ritinker Hazra | 2 |
| স্বপ্নে মোড়া মধ্যপ্রদেশ | স্বাগতালক্ষ্মী কর | 4 |
| Painting | Kaushiki Basak | 8 |
| অদেখা সৌন্দর্য | নির্মাল্য পাল | 9 |
| ভারসাম্য | অনির্বান মুখার্জী | 11 |
| প্রতিচ্ছবি... | টুবাই সরকার | 12 |
| Conservation of Endangered Wildlife | Sayani Bharati | 13 |
| Painting | Sougata Lodh | 17 |
| The Sky Was On Fire | Sayini Bhowmick | 18 |
| Biodiversity – An Inexorable Aspect | Soumya Khan | 19 |
| Science Scriptures From Our Mythical Culture… | Gourav Sengupta | 21 |
| লকডাউন শুধুই অজুহাত | জয়দীপ সাহা | 24 |
| A Smaller World !! | Ambar Dey | 25 |

| | | |
|---|---|---|
| Symphony - Junction Of Wildlife | Lopamudra Saha | 32 |
| Painting | Debasri Munsi | 33 |
| The Great Indian Bustard: Banishing Despondency | Debopriyo Das | 34 |
| অপরাধ জগৎএর আরেক মুখ পশুশিকার | সম্রাট সুতার | 36 |
| Painting | Shrabanti Pal | 37 |
| প্রত্যাবর্তন… | প্রতীক্ষা চক্রবর্তী | 38 |
| Painting | Somnath Mondal | 39 |
| এ পৃথিবী আমাদেরও | সাম্য চক্রবর্ত্তী | 40 |
| Painting | Sharbani Pal | 42 |
| King of the Jungle | Abhishek Dutta | 43 |
| জীববৈচিত্র্য সংরক্ষণ | অরিন্দম মুদি | 45 |
| Painting | Ishita Chakraborty | 46 |
| Painting | Debojyoti Some | 47 |

# সম্পাদকীয়

ড: সুপ্রীতি সরকার , বিভাগীয় প্রধান
প্রাণীবিদ্যা বিভাগ, সিটি কলেজ

সাময়িক বিরতির পর প্রাণীবিদ্যা বিভাগের দেওয়াল পত্রিকা আবার আত্মপ্রকাশ করল একটু নতুন আঙ্গিকে – 'ই'-ম্যাগাজিনের মোড়কে। নাম ছিল 'সিটি জু জুমার', এবার হল 'বীক্ষণ' । প্রাণীবিদ্যার পরিসর ছাড়িয়ে 'বীক্ষন' একটু বেশী উন্মুক্ত হল । বীক্ষনের এই প্রথম এবং শারদীয়া সংখ্যায় জীববিদ্যা শাখার সাধারণ ছাত্রছাত্রী ও প্রাণীবিদ্যা বিভাগের সাম্মানিক ছাত্রছাত্রীরা তাদের নিজস্ব কল্পনা ও চিন্তা শক্তিকে নানা লেখা ও আঁকার মাধ্যমে ব্যক্ত করেছে । আশা রাখি অদূর ভবিষ্যতে আরও বেশি সংখ্যক ছাত্রছাত্রী একই উদ্যমে তাদের লেখা ও চিত্রকলার মাধ্যমে বীক্ষনকে আরও সমৃদ্ধ করে তুলতে পারবে । বিভাগীয় সব শিক্ষক-শিক্ষিকারাই বীক্ষন প্রকাশের জন্য আন্তরিক প্রচেষ্টা চালিয়েছে । তবুও কিছু ভুল ত্রুটি থেকেই যায় । তার জন্য মার্জনা চেয়ে নিলাম ।

সব পাঠক পাঠিকার কাছেই বীক্ষণের গ্রহণযোগ্যতা থাকবে আশা করি । এই সম্পর্কে সবার সুচিন্তিত মতামত জানতে পারলে ভবিষ্যতে এর উৎকর্ষতা বাড়বে বই কমবে না । ছাত্রছাত্রীদের পক্ষেও তা হবে অত্যন্ত হিতকর ও আশীর্বাদ তুল্য । কলেজের অধ্যক্ষ মহাশয় ও বীক্ষনের সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য রইল অশেষ ধন্যবাদ ও শুভেচ্ছা ।

# NEORA VALLEY NATIONAL PARK : A BIRDS' PARADISE

***Ram Ritinker Hazra, Passout Batch 2021,Zoology (Hons)***
***Email-id – ritinkerroy@gmail.com***

Introduction: Neora Valley National park is situated in the Kalimpong district of West Bengal, India. The National park was established in 1986 and is spread over an area of 88 $km^2$. Neora Valley is known for "The Red Panda" and diverse species of birds. This National park is linked to Pangolakha Wildlife Sanctuary of East Sikkim and as well as forests of Samtse District, Bhutan.

***Neora valley : the Adobe of Red Panda***

How to Reach : Lava is a small village inside the National park which is 85 km from Siliguri. Lava is the gateway of Neora Valley National Park, a protected area of great ecological significance and an unique high elevation temperate tropical forest which is considered to be one among the most spectacular and species rich temperate forests in the world. One can book a cab (takes approximately Rs.4000) or can travel by bus "Himgiri Express" which departs from P.C.Mittal bus stand, Siliguri at 12:00pm in the afternoon and the journey takes 4hours to reach.

Major Birding Spots : One can start from lava outskirts itself, Algarah road is also a great spot as activity of birds in that region is very active. One can do the trek of Rachela peak and on the way to the high point one must get some species like Rufoussibia, different warblers, green tailed sunbirds, bar winged shiva etc.

The best circuit for birding in this entire region in my opinion is the trek route to Rishopie ..a four km trek. During the trek, you can enjoy the majestic and mesmerizing Himalayas. In this route one can cover a minimum of 30-40 species. Some of the famous species of this route are Himalayan cutia, Hodgson's treecreeper, Fire-tailed sunbirds etc.

Birds of Neora Valley National park : Neora Valley National Park is one of the richest biological zones in entire eastern India. It is one of the most popular National Parks for bird-

watching. Birds like Rufous sibia , different warblers , sunbirds, redstarts, Verditer flycatchers are some of the common species of this national park. Birds like Satyr tragopan , Golden-throated barbet , Jerdon's baza etc. are some of the rare species of birds found here.

*Great Barbet*

*Verditer Flycatcher*

*Red billed Leiothrix*

Best Time to Visit : The best time to visit Neora Valley National park is December – April. March & April is the best time as this period is the blooming season, and one can see Rhododendrons and orchids everywhere, and due to the flowering season the birds activity is at peak at this time.

*Common daisy*

*Rufous sibia collecting nectar from orchids*

*© All photos : Author*

# স্বপ্নে মোড়া মধ্যপ্রদেশ

**স্বাগতালক্ষ্মী কর, পঞ্চম সেমেস্টার, প্রাণীবিদ্যা (অনার্স)**

অতিমারীর কবলে যখন বিরামহীন একাকি মন খারাপী ভোররাতে
আষ্টেপৃষ্ঠে জড়িয়ে ধরে; ঘন তমসার ধূসর নিস্তব্দতা,
তখন আলতা মোছা তুলোর মতো গোলাপি মেঘের
ফাঁক-ফোকর দিয়ে আমার রূপকথার জানালা বেয়ে
ঝিমঝিম করে নেমে আসে
অতীতের সুগন্ধি হাসনুহানায় মোড়া রঙিন স্মৃতিদের কলতান।
যার ঠিকানাহীন ডানায় ভর করে
তুলে ধরলাম এক টুকরো আবেগ…..

সালটা ছিল ২০১৭। পুজোর ছুটিতে বাক্স-প্যাঁটরা গুছিয়ে বেরিয়ে পড়লাম ভারতের মধ্য ভাগে অবস্থিত দ্বিতীয় বৃহৎ রাজ্য মধ্যপ্রদেশ ভ্রমণে। সেখানকার ভূ - প্রাকৃতিক সৌন্দর্য আমাকে আকৃষ্ট করেছিল। অনেক অভিজ্ঞতাও সঞ্চয় করেছিলাম। মধ্যপ্রদেশ আমার কাছে যেন এক স্বপ্নেরপ্রদেশ।

যাত্রা শুরু হয়েছিল মায়ের স্কুলের শিক্ষক - শিক্ষিকাদের সঙ্গে। ওনাদের সঙ্গে ঘুরে অবশ্য নানান বিষয়ে সমৃদ্ধ হয়েছিলাম। সকলে মিলে Azad Hind Express- এর শীততাপ নিয়ন্ত্রিত কামরায় উঠলাম। ক্রমশ ধিক্ ধিক্ গতিতে Howrah Station- কে পিছনে ফেলে দৈত্যের মতো হু হু গতিতে ছুটতে লাগল ট্রেন। মনের মধ্যে এক রাশ আবেগ এবং হই - হুল্লোড়ের মধ্য দিয়ে নাড়া দিতে লাগল আগামী-দিনের কৌতূহলমুখী ভ্রমণ।

বেলা দশটায় ট্রেন গিয়ে থামল বিলাসপুর স্টেশনে। গাড়ি করে রওনা দিলাম আমাদের প্রথম অভিযান অমরকন্টকের দিকে। ছেলেবেলায় পড়েছি নর্মদা নদীর উৎপত্তিস্থল অমরকন্টক। আমি একেবারেই ধার্মিক নই কিন্তু কেন জানিনা নর্মদা দেবীর দর্শনের জন্য মনে কেমন চাঞ্চল্য অনুভব করছিলাম। গন্তব্যে পৌঁছে অমরকন্টক দর্শনে বেরলাম। পথে দেখলাম অজস্র বানর ও পাহাড়ি রাস্তার খাঁজে খাঁজে ছোট ছোট পাহাড়ি নদী, না জানি কত না চড়াই - উতরাই পার হয়ে তারা প্রবাহিত হচ্ছে । Lord Tennyson-এর The Brook কবিতাটা খুব মনে পড়ছিল যেখানে কবি পাহাড়ী নদীকে উল্লেখ করে বলেছেন “FOR MEN MAY COME AND MEN MAY GO BUT I GO ON FOREVER”। আকাশে জমাট বাঁধা কালো মেঘের ভেলা, চারিদিকে ধোঁয়াটে অন্ধকারে মনে হচ্ছিল এই অমরকন্টকই যেন স্বর্গের দ্বার খুলে রেখেছে ।

সাতপুরা ও বিন্ধ্য পর্বতের মিলন ঘটেছে অমরকন্টকে । এখানকার মুখ্য আকর্ষণ ২৭ টি মন্দিরের টেম্পল কমপ্লেক্স ও নর্মদার উৎস । সন্ধ্যেবেলায় অগণিত মানুষ সন্ধ্যা আরতির মধ্য দিয়ে দেবীনর্মদাকে আবাহন করে চলেছে। কথিত আছে, এই নদীর উৎপত্তি মহাদেবের পাদুকা থেকে। পরদিন গেলাম কপিলধারায়। পুরো পথ অলক্ষ্যে এসে শ'দুয়েক ফুট নীচে সশব্দে আছড়ে পড়ছে পুণ্যতোয়া নর্মদা। আর রয়েছে কবীর চবুতরা।

কবীর চবুতরা

অপার নির্জনতার মাঝে ধর্মে মুসলিম, পেশায় তাঁতি জোলা, রাম মন্ত্রে উদ্বুদ্ধ সন্ত কবীরের সাধনক্ষেত্রে প্রবেশ করে শরীর ও মন দুই পবিত্র হল। আরও দেখলাম কপিল আশ্রম, শোন নদীর উৎস সোনামুড়া।

এবার রওনা বান্ধবগড়ের দিকে। বাস মৃদু মন্দ গতিতে ছুটতে লাগল। ধীরে ধীরে বাঘের বাসস্থানের দিকে এগোতে লাগলাম। দুপাশে সার দিয়ে ঘন বন জঙ্গল, আকাশে ঘন কালো মেঘ, ঝমঝমিয়ে বর্ষা, ভেজা মাটির সোঁদা গন্ধ সব মিলিয়ে এক রোমাঞ্চকর পরিবেশের সৃষ্টি হয়েছিল! বাস যখন জঙ্গলের ভিতরে রিসর্টে পৌঁছল তখন বিকেল গড়িয়ে সন্ধ্যে নেমেছে। চারিদিকের পরিবেশে গা ছমছম করছিল, এই বুঝি বাঘ আসে! রাত্রিবেলা শুয়ে শুয়ে চুপ করে বাঘের হুংকার শোনার চেষ্টা করছিলাম। বাঘমামা আমার আকুলতায় কাতর হয়ে সে রাতে আর সাড়া দেয়নি। বাঘের হুংকারের আশা ছেড়ে ঘুমোলাম।

বান্ধবগড় জাতীয় উদ্যান

পরদিন ভোরবেলা জিপে করে জঙ্গল ভ্রমণে বেরলাম। জঙ্গলে ঢুকেই জটপাকানো রাস্তাঘাট, উঁচু - নীচু টিলা দেখা যায়। প্রথম থেকেই গা ছমছম করছিল এবং আনন্দও লাগছিল এই বুঝি বাঘকে শুয়ে থাকতে দেখব! গাইডের কাছে শুনলাম ২২ ধরনের স্তন্যপায়ী, ২৫০ প্রজাতির পাখি, নানানধর্মী সরীসৃপের দেখা মেলে পর্ণমোচী বৃক্ষের এই অরণ্যে। জঙ্গলে অজস্র বার্কিং ডিয়ার, নানান প্রজাতির পাখি, চিঙ্কারা, বন্য শুয়োর ও হাতি দেখলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, বাঘের দেখা মিলল না! তবে ভেজা মাটিতে বাঘের পায়ের ছাপ অবশ্যই দেখেছিলাম। বুঝলাম কাল রাতে শিকারের সন্ধানে জঙ্গল বিচরণ করেছেন বাঘমামা! এখানে পর্যটক ছাড়াও বিদেশ থেকে আসা পাখি ও পশু প্রেমিকদের সমাগম ঘটেছে। আলাপও হয়েছিল বেশ কিছুজনের সঙ্গে।

সন্ধ্যেবেলার মুখ্য আকর্ষণ ছিল আদিবাসীদের নৃত্য। সেখানকার প্রত্যন্ত গ্রামের অধিবাসীরা আমাদের অনুরোধে নাচ করেছিল। মাদলের তালে, মহুয়া ফুলের গন্ধ সহযোগে বনে - বাদাড়ে কেমন যেন নেশা লেগে যাচ্ছিল। ঝঙ্কার তুলে তালে তালে আঞ্চলিক ভাষায় গানের সুরে কেমন অদ্ভুত লাগছিল। গর্ববোধ হচ্ছিল এই বলে যে ভারতবর্ষে কত না সংস্কার, শিল্প, কত না কৃষ্টি! আমরাও তাদের তালে তাল মিলিয়ে ছিলাম। অনুষ্ঠানের পালা সাঙ্গ হলে তাদের দুঃখ ভরা মর্মান্তিক কাহিনী শুনেছিলাম। কত কষ্টের তাদের জীবনযাত্রা।

দুবেলা দুটো খাবারের আশায় তারা কতই না কষ্ট করে নেচে গেয়ে পয়সা রোজগার করে। গল্প শুনতে শুনতে চোখের পাতা ভিজে আসছিল।

খাজুরাহো মন্দির প্রাঙ্গন

পরদিন ভোরবেলা বাঘকে চিরবিদায় নিয়ে রওনা দিলাম খাজুরাহোর দিকে। শহর জুড়ে বহু মন্দির এবং তারা তিন ভাগে রূপ পেয়েছে। পশ্চিমে মন্দিররাজি, পূর্বগোষ্ঠী ও দক্ষিণগোষ্ঠী। সবথেকে বৃহৎ - বারোটি মন্দিরের সমাবেশ পশ্চিম মন্দিররাজি । মন্দিরের ভাস্কর্যে মুগ্ধ আমি বারে বারেই হারিয়ে যাচ্ছিলাম তার ইতিহাস উন্মোচনের উদ্দেশ্য। এক রূপসী ব্রাহ্মণ কন্যা হেমবতী ও দেব চন্দ্রের মিলনে জাত চন্দ্রবর্মনের হাতে চান্দেলা রাজবংশের জন্ম। বেলে পাথর কুঁদে তৈরী মধ্যযুগীয় ভারতশিল্পের এই সজীব মূর্তির তুলনা হয় না। বহির্ভাগে মন্দির অলঙ্করণে রণসাজে সেনাদল, যুদ্ধসাজে শিকারী, নৃত্যরতা দেবদাসী, নাগকন্যা, লক্ষ্মীনারায়ণ, হরপার্বতী, নিখুত ভাস্কর্যে দৈনন্দিন জীবনচর্চার অনেক মুহূর্ত ফুটে উঠেছে । দুলাদেও ও চতুর্ভুজ এই দুই মন্দির নিয়ে দক্ষিণ গোষ্ঠী। কিছুটা দক্ষিণী ছাপ থাকলেও স্থাপত্য, ভাস্কর্য ও কার্ভিং অনবদ্য। পূর্ব গোষ্ঠীতে জৈন গ্রুপের মন্দির, গর্ভগৃহে দেবতা কষ্টিপাথরের আদিনাথ । সূক্ষ্ম ব্যঞ্জনাময় সুন্দরতম ভাস্কর্য রূপ পেয়েছে এই মন্দির গোষ্ঠীতেও। মন্দির দর্শন শেষ করে লাইট এণ্ড সাউন্ড দেখবার জন্য প্রস্তুতি নিলাম। পশ্চিম গোষ্টীর মন্দির প্রাঙ্গণে অনুষ্ঠানটি উপভোগ করলাম। গা বারে বারে শিউরে উঠছিল এই মন্দিরের ইতিহাস শুনতে শুনতে।

ধোঁয়াধারা জলপ্রপাত

পরদিন জব্বলপুর পৌঁছে দেখতে গেলাম ভারতের এক এবং অন্যতম আকর্ষণ "মার্বেল রকস"। তারপর নর্মদা নদীতে নৌকাবিহার। নীল জল, নীলাকাশ, তারই মাঝে মাঝে নর্মদা নদীর খাতে দুই তীরে শ'খানেক ফুট উঁচু (৩৩ মি) খাড়া পাহাড় উঠেছে। ম্যাগনেসিয়াম চুনাপাথরের মাঝে মাঝে ফাটল জুড়ে ফুটে উঠেছে কালচে সবুজ বা কালো আগ্নেয় শিলা। নৌকা ছুটেছে তরতরিয়ে কখনও চারশো কখনও বা সাড়ে পাঁচশো ফুট গভীর নর্মদার উপর দিয়ে। মাঝে মাঝে সূর্যালোকে বিচ্ছুরিত হয়ে কখনও রূপোলী কখনও সবজে ধূসর রঙে তৃপ্ত করেছে নয়ন। তারই মাঝে ফাঁকে ফাঁকে উঁকি দিচ্ছে কত না কত মৌচাক, এ দৃশ্য সত্যি অতুলনীয় ও অবিস্মরণীয়! তারপরেই গেলাম ১০৮ ধাপ সিঁড়ি উঠে পাহাড় চূড়োয় চৌষট্টি যোগিনী মন্দির। মা কালীর সহচরীদের ৬৪ টি

যোগিনী মূর্তিও রয়েছে। তার থেকে মাইল খানিক যেতেই এক জলপ্রপাত ধূম্রাধার আকারে জলকণা বাতাসে ওড়ে নাম তাই ধূমাধার, নদী এখানে শ'খানেক ফুট নীচুতে আছড়ে পড়ে দুর্বার গতিতে বয়ে চলেছে। আরও দেখলাম ৫০০ সিড়ি অতিক্রম করে পাহাড় চূড়ায় রাণী দুর্গাবতীর ফোর্ট, ব্যালেন্সিং রক, গণপতি মন্দির ও ত্রিপুরেশ্বরী মন্দির।

আমাদের শেষ গন্তব্য পাঁচমাড়ী যাত্রা, তারপরেই ফেরার পালা। শেষ গন্তব্যের দিকে পাহাড়ি পথে পান্না টাইগার রিজার্ভ অতিক্রম করে ছুটে চলল বাস। পাঁচমাড়ী একটি ছোট শৈলশহর ,না জানি কত না কীট-পতঙ্গ, জন্তু–জানোয়ারের বাস এই শহরে। এখানকার বিশেষ আকর্ষণ বনৌষধি উদ্ভিদ এবং বনজ মধু। পাঁচ মাধি অথাৎ পাঁচটি গুহা কালে কালে যা পাঁচমাড়ী নামে পরিচিত। কথিত আছে গুহা পাঁচটি পঞ্চ পাণ্ডবের। শহরটি পুরো মহাদেবকে কেন্দ্র করে। পরদিন ভোরে তাই প্রথমেই মহাদেব দর্শনে বেরলাম। আরণ্যক পরিবেশের এক অত্যাশ্চর্য গুহার ফাটল, তারই মাঝে অধিষ্ঠান করে আছেন মহাদেব! তাই এই মহাদেবের নাম গুপ্ত মহাদেব । সেই ফাটল অতিক্রম করে অবশেষে দেখা মিলল তাঁর।

**ধূপগড়ে সূর্যাস্ত**

এরকমই পাহাড়ের ধাপে ধাপে বহু মন্দির। এখানেই সংসার বিস্তৃত করেছে বহু বাঁদর। তারপর গেলাম প্রিয়দর্শিনী পয়েন্টে। এখান থেকে পাহাড়ের নৈসর্গিক শোভা দেখে মুগ্ধ হলাম। তারপর বী ফলস্-এ - প্রায় কয়েকশো ফুট নীচুতে সশব্দে আছড়ে পড়ছে এই জলপ্রপাত। সাতপুরা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গ ধূপগড় । বী ফলস্ - এর গর্জনকে পিছনে ফেলে ধূপ – গড়ের সূর্যাস্তের মহিমাময় রূপ দর্শনের জন্য এগোলাম। পাহাড় চূড়ায় উঠতে উঠতে চোখে পড়ল অজস্র বাইসন। শুনলাম খুবই হিংস্র তারা। পশ্চিম আকাশে ধীরে ধীরে সূর্যদেব বিশ্রামকক্ষে নিমগ্ন হলেন এবং আমাদের ভ্রমণও ধীরে ধীরে সেবারের মতো অস্তমিত হলো।

পরদিন ভোরবেলা এক রাশ স্মৃতি নিয়ে চড়ে বসলাম ট্রেনে। ট্রেন ছুটে চলেছে কলকাতার দিকে। তখনও বুকের ভেতরে যেন মাদল বাজছে এবং চোখের সামনে ফুটে উঠছে শুভ্র মার্বেল পাথরের চাঁই। মন চাইছে না বাড়ি ফিরতে, বাড়ি ফিরলেই সেই একঘেয়েমি রুটিনে বাঁধা পড়তে হবে। কত অগণিত দৃশ্য মনের ক্যামেরায় বন্দী করে এগোতে লাগলাম বাড়ির দিকে।

*Kaushiki Basak, 5th Semester , Zoology (Honours)*

# অদেখা সৌন্দর্য

নির্মাল্য পাল, পাস-আউট ব্যাচ ২০২১, প্রাণীবিদ্যা (অনার্স)

সবেমাত্র পরীক্ষার অবসান ঘটেছে। এখন আমি মুক্ত। প্রকৃতির রূপ-সৌন্দর্য কে প্রত্যক্ষ করার যে স্পৃহা তাকে কিছুই আর অবদমিত করতে পারবে না। এতদিন যে বইগুলোর সাথে সময় কেটেছিল, নিশ্চল হয়ে পড়া সেই বইগুলো যেন চায় পুনরায় শ্রাবণের ধারার মতো প্রয়োজনীয় হয়ে উঠতে।

দৈনন্দিন কর্ম ব্যস্ত জীবনের মাঝে একটু ছুটি পেলেই আমরা অনেকে ভ্রমণের উদ্দেশ্যে বেরিয়ে পড়ি, পাহাড় থেকে সিন্ধু ভ্রমণপিপাসু মানুষের আনাগোনা সর্বত্রই।

তবে বর্তমানে অতিমারীর কারণে দূরে ভ্রমণের কোনো সুযোগ ছিল না,তাই সময় পেলেই প্রকৃতিপ্রেমী হৃদয়কে বিস্তৃত করতাম জানলার বাইরে উন্মুক্ত প্রকৃতিতে।

বাড়ির পূর্ব দিকের ঘরের জানলার সামনে আমার দিনের বেশিরভাগ সময় কাটতো। জানলার সামনেই আছে প্রকাণ্ড একটা আম গাছ। আম গাছের নিকটেই আছে ছোট্ট একটা পুকুর। সারাদিন ধরে সেখানে চলে হরেক রকম পাখির আনাগোনা।

কখনো দেখতাম আপন-মনে গাছের ডালে বসে বুলবুলি পাখি, কখনো বা বসন্তবৌরী, কখনো বা ছাতারে পাখি কিচিমিচি ডাকে আপন অস্তিত্ব জানান দিয়ে যেত। পুকুরের কাছে গাছের ডালে বসে মাছরাঙ্গা হঠাৎ করেই জলে ডুব দিয়ে মাছ ধরে নিত ,কখনো বা দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যেত। বেলা বাড়ার সাথে সাথে পানকৌরির দেখা মিলত। আম গাছের বিপরীতে যে ডালিম গাছ আছে ওখানে সে বসত। হঠাৎ করে জলে ডুব দিয়ে স্নান সেরে নিতো । স্নান শেষে দুই পাখনা প্রসারিত করে স্নিগ্ধ কলেবরকে মেলে ধরত সূর্যালোকে,একসময় উড়ে যেতে। সারাদিন ধরে দেখতাম পুকুরে কত ছোট বড় মাছ একজোটে জলের উপরে উঠে আসছে। একটু পরেই আবার গভীর জলে হারিয়ে যেত। কখনো বা দেখতাম একটা সাপ জলে আপন মনে ভ্রমণ করছে আবার এক সময় ডাঙ্গায় বিশ্রাম নিচ্ছে। বাগানের দিকে চোখ পড়লেই সাক্ষী থাকতাম ডাহুক পাখির বিচরণের।

তপ্ত দ্বিপ্রহরে নির্জন প্রকৃতির শোভা অপরূপ। পাতার ফাঁক দিয়ে হালকা সূর্যালোক এসে পরতো আমাদের ঘরে, মাঝে মাঝে শীতল হাওয়া এসে সমগ্র শরীরে এনে দিত নব-উদ্যম,এক অদ্ভুত প্রশান্তি; অনেকটা যেমন তৃষ্ণার্ত চাতক বৃষ্টির জলে পায়, বা কর্মক্লান্ত কৃষকের ঘর্মসিক্ত কলেবরে এনে দেয় শীতলতার স্পর্শ অনেকটা তেমনি। কখনো কখনো দু'একটি পাখি সেই নির্জনতা ভেদ করত। একসময় দেখতাম গৃহকর্তা তার পৌত্রের সাথে বাগানে এসেছে। তার পৌত্র দুচোখ ভরে দেখছে সদ্য গজিয়ে ওঠা চারাগাছ গুলোকে - এ এক দীর্ঘ সময়ের নিরীক্ষণ।

আস্তে আস্তে বিকেল হয়ে আসে। গৃহকর্তাও পৌত্রকে নিয়ে ঘরে ফিরে যেত। ঘর ক্রমশ অন্ধকার হয়ে আসত, লক্ষ্য করতাম দূর আকাশে ক্লান্ত পাখিরা বাসায় ফিরে যাচ্ছে, পূবাকাশে অস্পষ্ট শশী আর শঙ্খধ্বনি জানান দিত সায়হ্ন আসন্ন।

সান্ধ্যকালে প্রকৃতি বেশ মায়াবী হয়ে ওঠে। অন্ধকারে বেড়া জাল ভেদ করে গাছের পাতার ফাঁক দিয়ে দৃশ্যমান হয় স্বর্ণোজ্জ্বল সুধাংশু। চন্দ্রালোকে ঘরে এক আলো- আঁধারি পরিবেশ সৃষ্টি হতো। এক অপরূপ স্নিগ্ধতা ছিল- ঝিঁ ঝিঁ পোকার ডাকে, মাঝে মাঝে শুকনো পাতার খস খস শব্দ জানান দিত বন বিড়াল বা ওই জাতীয় কোন প্রাণীর অস্তিত্বের। চাঁদের আলোয় হালকা হাওয়ায় কম্পিত জলরাশিও দৃশ্যমান হত। বৈদ্যুতিক আলোয় আলোকিত ঘরের চেয়ে এসবকিছুর শোভা অতি মনোরম।

রাত্রি ক্রমশ গভীর হয়ে আসে। ঝিঁ ঝিঁ পোকার ডাক আরো স্পষ্ট হয়ে ওঠে। কখনো কখনো কয়েকটা পোকামাকড়েরও ঘরে আগমন ঘটতো। সামনে থেকে ভেসে আসা প্যাঁচার ডাক, বাদুরের আনাগোনা, জোনাকির আলো মায়াবী প্রকৃতিকে আরো রহস্যময় করে তুলত। মনে হতো বাইরের রহস্যময় মায়াবী প্রকৃতি ও ঘরের মধ্যে কোন চারদেয়ালের সীমারেখা নেই, সবই মিলেমিশে এক হয়ে গেছে।

পরেরদিন নিদ্রা শেষে প্রত্যক্ষ করলাম প্রভাতে প্রকৃতির নয়নাভিরাম সৌন্দর্য। ঘড়িতে তখন পাঁচটা ও হয়নি। জানলা খোলার সাথে সাথে ঘরে প্রবেশ করল প্রকৃতিমাতার স্নেহাশীষে পরিপূর্ণ এক শান্ত ,শীতল সমীর যা আমার সমগ্র শরীরে এনে দিলো এক নতুন প্রাণের স্পন্দন। আস্তে আস্তে পূব দিক লাল আভায় ভরে যায়, অন্ধকারের যবনিকা ভেদ করে ক্রমশ দৃশ্যমান হয়ে ওঠে রক্তিম সূর্য। হৃদয় বলে ওঠে, “ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম । ধান্তারীং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্ ।।” সেই রক্তিম সূর্যের যে দীপ্তি তা আগুনের দীপ্তিকেও হার মানায়। দু-একটা রাতজাগা তারা নবারুণ আলোয় আস্তে আস্তে মিলিয়ে গেল। কোমল নীল রঙের আকাশ, টিয়ার পালকের মতো সবুজ রঙের গাছের পাতা হৃদয়ে এক অদ্ভুত আনন্দের জন্ম দিল ।এর ব্যাখ্যা কলমে সম্ভব নয়। ভোরের নিস্তব্ধতার অবসান ঘটিয়ে চারিদিক পাখির কলকাকলিতে ভরে উঠল। তারা যেন স্বাগতম জানাচ্ছিল নতুন দিনের রক্তিম সূর্য কে, সোনালী সম্পদে ভরা দিনের ঐশ্বর্যকে। ভোরের প্রকৃতির অপরূপ শোভা বোধকরি আগে সেভাবে প্রত্যক্ষ করা হয়নি। সূচনা হয় এক কর্মচঞ্চল দিনের।

দৈনন্দিন কাজের ফাঁকে 'ধনধান্য পুষ্পভরা' এই প্রকৃতির সৌন্দর্য কে প্রত্যক্ষ করা হয়ে ওঠে না। ভ্রমণের উদ্দেশ্যে আমরা রাজ্যের, দেশের বিভিন্ন প্রান্তে রওনা দিই তবে বাড়ির চারপাশের প্রকৃতি এত নির্মল, মনোরম, রূপ-রস-গন্ধে পরিপূর্ণ তা বোধ করি অনেকেই উপলব্ধি করতে পারিনা। তাই তো বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন –

' বহুদিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়েছি পর্বতমালা
দেখিতে গিয়েছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপর
একটি শিশির বিন্দু।।'

# ভারসাম্য

অনির্বান মুখার্জী, তৃতীয় সেমেস্টার, প্রাণীবিদ্যা (অনার্স)

নিখাদ সবুজে ঘেরা সীমানা
অবিন্যস্ত পাতার মাঝে বৈচিত্র্য
অজানা পাখির ডাকে মুখরিত
নতুনকে জানার ইচ্ছে...দুর্দমনীয়।

পশ্চিমাঘাটে চিরসবুজ অরণ্যের হাতছানি
বালির ঝড়ে দিকভ্রান্ত "থর" মরুভূমি
গুজরাটে দাপিয়ে বেড়ায় পশুরাজের গর্জন
ম্যানগ্রোভের আড়ালে বদলায় বাঘেদের রুচি।

উত্তরে লাদাখের নান্দনিক পটভূমি
দক্ষিণে কন্যাকুমারী ঐতিহ্যের যুগ;
পূর্ব থেকে পশ্চিমে নতুনত্বের বাহার
জীবজগতে অসীম বৈচিত্রের রূপ।

তবুও গর্বের মাঝে কলঙ্কিত দিক
চোরাশিকারের জালে বন্দী প্রাণীসম্পদ
শিল্পায়নের তোড়ে বাড়লো বৃক্ষছেদন
বন্যপ্রাণকে ফাঁকি দিয়ে, এড়ানো যাবে না বিপদ।

সময় এখনও শেষ হয়নি, বদলাতে হবে নীতি
প্রকৃতি-শিল্প সমান তালে, গড়বে বাঁচার রীতি।

# প্রতিচ্ছবি...

*টুবাই সরকার, তৃতীয় সেমেস্টার, বায়ো-সায়েন্স (জেনারেল)*

আকাশে জমে থাকা কালো মেঘ যেন অখিলেশকে ছাতা বের করতে বলে দিল; বাতাস যেন মেঘের ঠাণ্ডা শব্দ! ব্যাগ থেকে ছাতাটা বের করতেই আকাশ যেন পরিহাসের সাথে ঝড়ে পড়ল—যেন ছুঁতে চাইছে, মাটি, রাস্তা আর অখিলেশের মন। বৃষ্টি হবে অথচ মন ছোবে না আকাশ! তা কখনোই সম্ভব না। আর ভিজতে কার না মন চায়?!...

মুশলধারে বৃষ্টি পরা শুরু হয়েছে; হয়তো আকাশে মেঘের মন আজ পুরোপুরি মাটি স্পর্শ করবে, অনেকটা সময় ধরে। অখিলেশের ছাতাও আজ হার মানল, তাই রাস্তার ফুটপাথে উঠে ও শেডের তলায় দাঁড়াল। রাস্তার ওপারের ফুটপাথটা অখিলেশের নজর কারল। কিছু ছোট বাচ্চা সেখানে দাড়িয়ে থাকা প্রত্যেকটা লোকের থেকে ভিক্ষা চাইছে। একটি লোক তাদের হাতে কিছু টাকা দিল, তারা দৌড়ে কোথায় চলে গেল। বৃষ্টি বেশ জোড়েই পড়ছে। ওপারের সেই ফুটপাথে এবার আরেকটা বাচ্চা ছেলে, হাতে একটা বালতি; বালতিতে অনেক গোলাপের ঝাঁক। সে সেই গোলাপ বিক্রির জন্য জনে জনে দরবার করতে থাকে; কিন্তু কেউই নেয় না। ওই ঝোড়ো বৃষ্টির মধ্যেও অখিলেশ নিজের মনের ডাক শুনতে পেল। ছুটে গেল রাস্তার অপর প্রান্তের ফুটপাথে! বাচ্চা ছেলেটির মাথায় আলতো হাত বুলিয়ে, এক গাছা গোলাপ কিনলেন, দাম দিলেন একটু বেশিই। বাচ্চাটির মুখে ফুটে ওঠে অমলিন এক হাসি, আর স্নেহের সাথে একটা স্বস্তির নিঃশ্বাস ফেলে অখিলেশ। হঠাৎ সেই ভিক্ষা করা বাচ্চা গুলো উপস্থিত হয়। অখিলেশ তাদের হাতে সেই সদ্য কেনা গোলাপ গুলো দিয়ে দেয় তারর সাথে এক প্যাকেট বিস্কুট; বাচ্চারা আনন্দে আবার কোথায় চলে যায়। অখিলেশ চলে আসে তার আগের জায়গায়, ফুটপাথের শেডের তলায়। ভাবনারা ঘিরে ধরে তাকে—সেই ছেলেটা যে স্বইচ্ছায় নিজের জীবন যুদ্ধ চালাচ্ছে খেঁটে প্রতিকূলতার মধ্যে দিয়ে আর সেই বাচ্চারা যারা ভিক্ষে করছে; কেন করছে তারা এই কাজ! তারা কি পারেনা ওই ছেলেটার মতো স্বাবলম্বী হতে! নাকি তাদের কেউ কোনও সুযোগই দেয়নি তা হওয়ার। ভাবনাদের এই ঘেরা জালের মধ্যে আকাশ পরিষ্কার হয়েছে আবার। সেদিকে চোখ যেতে অখিলেশ ছাতা বন্ধ করে, তার গন্তব্যের দিকে রওনা দেয়। থামলে তো আর জীবন চলেনা!

আসলে আমাদের শহরে এরম ঘটনা ঘটে চলে প্রতি মুহূর্তেই, শুধু চরিত্রদের পরিবর্তন হয়; যেমনটা জীবনযুদ্ধ সবার এক হয়না!

# CONSERVATION OF ENDANGERED WILDLIFE

*Sayani Bharati, 3rd Semester , Zoology(Hons)*

Nowadays, in our modern time, humanity has managed to separate itself almost entirely from nature, which includes our animal relatives. Now, with the slowly diminishing number of tribal cultures, majority of humanity has become utterly divorced from the original state of living common to all inhabitants of the earth, considering most wildlife as a mere means to sustenance.

What humanity forgot – their contribution to the ecological balance.

Species are considered as building blocks of biodiversity; however, due to the unprecedented proportion of the threat due to urbanization, pollution and other anthropogenic interventions, biodiversity is shrinking. Thus, conservation of the endangered species is a huge topic of concern.

Endangered species are the most dangerous species, which are in the second most serious conservation status in the International Union (IUCN) Red Data Book to preserve the nature of wildlife. Any wildlife species has been classified as endangered if any of the following criteria has been met, - the population size is less than 250 mature members; population reduction in the rate of 70% in the last 10 years; the probability of extinction in the wild is 20% over the next 20 years.

Today, due to extinction of species, there is danger to the biodiversity of the world. There are 35 hotspots worldwide, 43% are locally for birds, mammals, reptiles and amphibians. There are three such centers of attraction in India- Eastern Himalayas, Indo-Burma and Western Ghats. These areas also support numerous wildlife populations. However, due to human encroachment, many of this wildlife are threatened.

IUCN has prepared a list called 'Red Data Book'. ‘Red' is a symbol of danger that these species currently experience. IUCN has defined different categories or levels in which different species have been placed in the list. These levels are – extinct, extinct in the wild, severely endangered, threatened and weak species, least concern and lack of data species.

IUCN classifies the species under different categories under the following categories:

- 'Extinct' species are species in which their last member has died, thus leaving no living member to reproduce.
- 'Extinct in the wild' species are kept in captivity by the living members or are known largely as a natural population outside its historic boundary due to habitat loss in the wild.
- The highest risk category specified is 'severely endangered' wild species. This means that the number of species has decreased or there will be a reduction of 80% within three generations.
- 'Endangered' species are populations of organisms that are at risk of extinction because they are either very few in numbers or threatened by changing environmental or rehearsal parameters.
- There are weak species which are likely to be in danger, as long as there is no possibility of improving its existence and reproduction in the circumstances.
- The threatened species have species that can be threatened with extinction in the near future.
- The least concern species do not qualify for any other category to pay attention to them.
- Lacks of data species are species which show that there is insufficient information to directly or indirectly evaluate the risk of extinction status on the basis of its distribution and / or population status.

According to the IUCN Red Data List, there are 76 extinct species, 2 extinct in the wild, 188 serious endangered, 448 endangered, 505 weak, 323 threatened, 3109 less worries and 836 lack of data. Figures of some important species in India are Royal Bengal Tiger (Project Tiger): Population 2226; Ganges River Dolphin: Population 1200-1800 (Vikramshila Gangetic Dolphin Sanctuary Asiatic Elephant: Population 40000-50000 Project Elephants); Snow Leopard: Population 4080-6590 Project Snow Leopard. In India, some endangered species are Sumatran Rhino, Kashmir Stag, Pigmi Hog, etc. Under the endangered category, Sher Makkak, Nilgiri Tahr, great Indian one horn rhinoceros etc. Some weaker animals are Black Buck, Lal Panda etc.

The extinction of species can be analyzed in two ways. First, the reasons and the effect, where external causes such as ice age, human-artificial causes, forest fires etc may be responsible. Secondly, the cause of extinction can be due to some random occurrences, such as lack of food, increase in number of predators, weather events etc.

In order to protect wildlife and protect endangered species, India adopted the Wildlife (Protection) Act, 1972. This act basically prohibits trade in rare animals and endangered species. At a central level, the government assisted the state government in controlling its managerial and protected infrastructure, protection of wildlife, control of prey and illegal trade, reproductive programs, wildlife education and interpretation, development of zoo, conservation and protection of rhino, tigers, elephants etc. This Act was amended in 2002 to make even more effective provisions for endangered plants and animals. The Indian Wildlife Council was also reconstituted for the monitoring and guidance of implementation of various schemes.

The Government of India undertakes the project Tiger, Project Elephant, Project Hangul, Indian Crocodile Protection Project, Work Plan for Vigilance Protection in India and many more projects.

In India, under the Wildlife Protection Act, 1972, significant changes have been made to save wildlife through the network of protected areas. Both the State Government and the Central Government have the right to declare wildlife sanctuaries in India.

Wildlife protection is done to ensure the safety of areas of ecological importance. Under the Wildlife Protection Act, 1972, national parks can not downgraded to sanctuaries. National parks have maximum security as some activities are controlled in these areas.

At the global level the conservation effort was started in 1971 under the Man and Biosphere Program (MAB). MAB employs natural science, social science, technical interventions, awareness programs to improve the livelihood of human and to protect the ecosystem, thus, to promote system sustainability. In 1971 UNESCO's MAB program was started under the auspices of Biosphere Reserve Network Program. In the Biosphere Reserve, defined by UNESCO, there are areas of terrestrial and coastal ecosystems that

Provide solutions to conserve the sustainable use of biodiversity. Biosphere stores work as 'living laboratories' in some ways, which test the integrated management of land, water and biodiversity. The biosphere reserve has core zones, buffer zones and transit zones. The core area is not completely uninterrupted. Some Biosphere reserves of India are - Nilgiri Biosphere Reserve (the first in India), the Greatest Ran (largest) of Kutch etc. Of the eighteen biosphere reserves in India, 10 are under the World Bank of Biosphere Reserves of UNESCO under the program MAB.

In India, animal specific conservation efforts were emphasized on Tiger, elephant, vulture, one horned rhino, snow leopard, sea turtle, dolphin (river) etc. Project Tiger is one of the most discussed and important in India, as 'Tiger' is our national animal, therefore in 1973 Project Tiger was started to save the tiger population. Currently there are 52 tiger reserves in the country. In its latest census, the tiger population is 2967 in India. The population of tigers in India is determined by the use of pugmark technology, camera decoration and DNA fingerprinting. Dolphins are also important because they have been declared a national aquatic animal. Most dolphins are found in the rivers Ganga, Brahmaputra and Meghna, they are threatened due to fishing and recreational tourism.

Besides Wildlife Protection Act, 1972, some others like Coastal Regulation Zone, Wetland Conservation and Management Rule 2010 etc were introduced to save wildlife in India. Organizations involved in this area are the Indian Animal Welfare Board, Central Zoo Authority, Wildlife Crime Control Bureau, and National Ganga River Basin Authority.

Ramsar Conference on lakes adopted in 1975 is critically responsible for the protection of migratory birds. In 1975, the CITES (Convention on International Trade in Endangered Species of Wild Fauna and Flora) came into force. Conference on conservation of migratory species (CMS) is also called Bon Convention. The International Union for Protection of Organisms, Nature and Natural Resources against Wildlife Trafficking (CWT), the Global Tiger Forum also contribute to the protection of wildlife. Because of human beings, threats to wildlife have occurred due to hunting, man-animal conflict, population growth, deforestation, land use change, tourism, forest fire, illegal trade of teeth, skin, horn etc.

Wildlife plays an important role in the ecology and food chain. With this in mind, the preservation of what little remaining wildlife becomes profoundly important. Sad to say, because most of the imbalance found in the planet today is caused by humanity’s ignorance. We the people living at this time own the role to help preserve and conserve the finite ‘resources’ that the planet has to offer –the wildlife.



*Sougata Lodh, 5th Semester, Bio Science (General)*

# THE SKY WAS ON FIRE

*Sayini Bhowmick, 3rd Semester, , Physiology (Hons)*

The sky was on fire !
A pyre of golden, hazel and red
Burning amidst the delirium blues,
Trying to engulf it all, totally unnerved
By the colossus of its inimical hues.

The mountains and trees beneath
Were riveted to the battlefield above.
Ablaze with the fiery abendrot on one side
And beguiled by the nefarious blues on the other
They were perturbed about which side to ride.

The swirling river was utterly enthralled
To be painted with violent shades of azure and grey
While the amber sheen danced upon
The dew-strewn grass and fluttering insects.

The robin sat on the drooping branches
Singing its last song for the day.
Her melody echoed through fields and valleys
And into the broken huts of tired villages.

But the battle was not fought for long
As the amethyst clouds curtained the crimson glare.
The scarlet fire that burnt so bright
Slowly ebbed in the West.

The sky now wore a sombre crown
Dousing everything beneath with its ghostly shade.
Darkness reigned over miles and miles,
Until tomorrow
And the sky would be on fire again!

# BIODIVERSITY – AN INEXORABLE ASPECT

*Soumya Khan, 3rd Semester, Bio-Science (General)*

Biodiversity, as the name suggests, is the diversity of life and species that exist on the planet. All species of plants, animals, reptiles, insects, aquatic life, etc. form the biodiversity of a particular place. Biodiversity is not evenly distributed on the planet, and is found more in forests and areas free from humans.

Every species found on the planet is important for the ecological balance of the planet. With humans every living species depends on each other.

If one species becomes endangered or extinct, it affects others as well. Birds, for example, play an important role in conserving biodiversity. They eat the fruit, so the seeds are scattered in the soil. This causes new plants to grow and the cycle to continue.

If the bird becomes extinct, the number of new plants germinating will be considerably less; therefore, it affects the biodiversity of the place. Also, people depend on biodiversity for their food supply, to a great extent. Food, crops, fruits, groundwater etc. all are gifts to human from biodiversity. If biodiversity is damaged we will have no food and the planet will become lifeless and uninhabitable.

Biodiversity today is threatened by various human activities. Some of those are as follows.

- Transgression: Infiltration into the forest includes large-scale civic construction for commercial purposes. Buildings, houses, factories, etc. permanently destroy the biodiversity of the construction site. Biodiversity gets no chance against the construction of concrete and therefore becomes extinct.
- Agricultural Activities: Agricultural activities are another major threat to biodiversity. The agro-industry is a fast growing industry as the population continues to grow and the demand for food production increases. This, in turn, leads to the occupation of forests. The desired area for agricultural activities is cleared; as a result, biodiversity is lost.
- Roads and Railways: Construction of roads and railways through forests is very common and one of the main causes of biodiversity loss. Both are large projects that require the removal of a large area of forest. Moreover, regular transport through these modes also disrupts the biodiversity of the area.

- Extraction of Resources: The world is witnessing today, the face of population growth, extraction on our natural resources is inevitable. These natural resources play the important integral part of biodiversity and its conservation. Any disturbance in the natural reserves is bound to hit the biodiversity of the region. For example, humans cannot live without natural resources, so other species cannot live without them.
- Environmental Pollution: Environmental pollution is another deadly threat to the biodiversity of a region. There are varied types of pollutions, like water pollution, air pollution, soil pollution, etc., all have their own causes and consequences. Pollution has become the most immediate threat to biodiversity and livelihoods today. It threatens every aspect of life on the affected area. Also, pollution has become a global concern, threatening the planet's large biodiversity reserves. If pollution is not effectively controlled, it will be difficult to conserve biodiversity.

Biodiversity is very important for life on the planet. In fact, once its biodiversity reserves are depleted, the planet will be nothing more than a lifeless dry land. Each species in the biodiversity reserve is interdependent and if one becomes extinct, sooner or later others will follow. Therefore, all biodiversity conservation must be protected at all costs by taking the necessary steps.

# SCIENCE SCRIPTURES FROM OUR MYTHICAL CULTURE…

*Gourav Sengupta, Third Semester, Zoology (Hons)*

Bharatbarsh (India), one of the cores of ancient civilizations in the world—finds her own way to demarcate, excavate and explore the World of Science (as called: '*Vigyan*'). Numerous *Acharyas* with their immense power of knowledge influenced the core roots of our civilization—our culture, tradition, creed, custom, knowledge and lifestyle.

The vast knowledge tree of Bharatbarsh (India) is planted in the Vedas, the Puranas and the Sanhitas. In the Vedas, *Vigyan* is depicted as the complete knowledge of the five main elements of Nature (*Panchtatva*)—Earth, Fire, Water, Air, Sky (*Bhumi, Aagni, Neer, Vayu, Nabh* respectively). Among the 18 Mahapuranas, *Vigyan* refers to 'true knowledge' and the root of this true knowledge lies in unswerving devotion (*bhakti*). In the Sanhitas, Ayurveda (science of life), *Vigyan* is the act of distinguishing or discerning; a systematic and perfect knowledge.

Various examples can be represented from our mythological texts that depict the riverine flow of Science stream in many fields. Life originated in the vast ocean which once engulfed the earth (Oparin and Haldane named it as 'hot dilute soup'); Puranas also denote oceanic origin of life—they called it as *Anantasagara.* Puranas reveal about the supreme trio of the Divine beings, who led the roles of—the Creator, the Administrator and the Destroyer.

The God of creation—*Bramha,* as said in the Puranas, created this universe, also this Earth and its life forms. As depicted there, lord Bramha arises from the naval lotus of Narayan and meditates there. Navel part, the most proteinaceous (mainly) part of the body and from there the Creator arises, suggesting a connection of proteins with the formation of life forms as found in the Coacervate model of evolution.

